দৈনিক ইনকিলাব

তারিখ 18 JUL 1997
পৃষ্ঠা 4 কলাম 3

034

# কাশিয়ানীতে এইচ, এস,সি, পরীক্ষার উত্তরপত্র নিয়ে—

কাশিয়ানী (গোপালগঞ্জ), ১৭ জুলাই (সংবাদদাতা)।— স্থানীয় রেলস্টেশনে কাশিয়ানী এম, এ, খালেক কলেজের উচ্চ মাধ্যমিক পরীক্ষার বুক করা ১৮ বাণ্ডিল উত্তরপত্রসহ গত ৭ জুলাই পুলিশ তিন জনকে গ্রেফতার করে। জানা গেছে, কলেজের দফতরি মঈনুদ্দীন ও নৈশ প্রহরী কাইয়ুম ও স্টেশনের বুকিংক্লার্ক বজলুর রহমানের মধ্যে এইমর্মে এক চুক্তি হয় যে, ২ হাজার টাকা করে দিবে। শর্ত থাকে যে, বুকিং ক্লার্ক বুক করা উত্তরপত্র বাণ্ডিল খুলে তৎস্থলে নতুন উত্তরপত্র রাখার সুযোগ দিবে।

এ ব্যাপারে দফতরি মঈনুদ্দীন খাতা পরিবর্তনে ইচ্ছুক এমন প্রতিটি ছাত্রের কাছ থেকে ৩ হাজার টাকা করে আদায় করে। এবং অতিগোপনে এ কাজটি শেষ করে ফেলার উদ্যোগ নেয়।

ঘটনার দিন পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে রাতে স্টেশনে উত্তরপত্রের বাণ্ডিল রক্ষিত ঘরটি ঘেরাও করে। অতঃপর পুলিশ ১৮ বাণ্ডিল উত্তরপত্র, কলেজের সীলছাপ্পর আরও কিছু কাগজপত্রসহ ৩ ব্যক্তিকে আটক করে। এ ব্যাপারে থানায় মামলা দায়ের করা হয়েছে।